কলম্বোয় বৃষ্টির সম্ভাবনা, টস গুরুত্বপূর্ণ

লাসিথ মালিঙ্গাকে শুক্রবার বাংলাদেশের বিপক্ষে প্রথম ওয়ানডে দিয়ে বিদায় জানাবে শ্রীলংকা। সিরিজ শেষে কোচদের বিদায় ঘন্টা বেজে যাবে। এরপর ভারত বিশ্বকাপ নিয়ে নতুন করে পরিকল্পনা সাজাবে লংকানরা। তাই বলে বিশ্বকাপের পরে বাংলাদেশের বিপক্ষে সিরিজকে তারা গুরুত্ব দিচ্ছে না এমন নয়। বরং মালিঙ্গাকে সুখস্মৃতি নিয়ে বিদায় দেওয়ার জন্য হলেও শুক্রবারের ম্যাচটা জিততে চায় শ্রীলংকা।

তবে বৃষ্টি বাধা হয়ে আসতে পারে। কলম্বো আবহাওয়া পূর্বাভাসে বৃষ্টির সম্ভাবনা আছে। ইংল্যান্ড বিশ্বকাপে ব্রিস্টলে বাংলাদেশ-শ্রীলংকার গুরুত্বপূর্ণ ম্যাচটা বৃষ্টিতে ভেসে যায়। ছয়ে শেষ করা শ্রীলংকার ওই ম্যাচ দিয়ে হা-হুতাশ আছে। ম্যাচটা জিততে পারলে সেমিফাইনালের বড় প্রতিদ্বন্দ্বী হয়ে উঠতো তারা। শ্রীলংকার বিপক্ষে ম্যাচটা ভেসে যাওয়ায় আফসোস আছে বাংলাদেশ দলের ক্রিকেটার, কোচ, নির্বাচক এবং ভক্তদের।

বিশ্বকাপে সেমিফাইনাল লক্ষ্য ধরে এগোনো বাংলাদেশ দলের অনেকে মনে করেন, ওই ম্যাচটা বৃষ্টিতে না ভাসলে সেমিফাইনালের সম্ভাবনা আরও উজ্জ্বল হতো টাইগারদের। কোন দলের সম্ভাবনা বেশি ছিল সেটা মিমাংসার সিরিজও বলা যায় কলম্বোর এই তিন ম্যাচকে। শক্তির বিচারে পিছিয়ে নেই শ্রীলংকা। আভিস্কা ফার্নান্দো-কুলশ পেরেরা, আকিলা ধনাঞ্জয়া-লাহিরু কুমারাদের নিয়ে ভালো এক দল তাদের।

বাংলাদেশ দলও পিছিয়ে নেই। তবে অধিনায়ক তামিম ইকবালদের অনেক কিছু প্রমাণ করার আছে। কারণ বিশ্বকাপে দুর্দান্ত পারফরম্যান্স করা সাকিব আল হাসান নেই এই সিরিজে। মাশরাফি-সাইফউদ্দিন ইনজুরি নিয়ে ছিটকে গেছেন। লিটন দাস বিয়ের কারণে নিয়েছেন ছুটি। বাকি দলকে তাই তাদের সামর্থ্য প্রমাণ দিতে হবে। বিশ্বকাপের পরে শ্রীলংকা সফরে হার হবে বাংলাদেশ দলের জন্য জেগে ওঠার নতুন ডাক।

মালিঙ্গার বিদায়ী ম্যাচে ছেড়ে কথা বলবে না বাংলাদেশ। সর্বশেষ তিন ম্যাচের ফলও বাংলাদেশের পক্ষে। এশিয়া কাপে শ্রীলংকার বিপক্ষে বাংলাদেশের ১৩৭ রানের জয়। মুশফিকের ১৪৪ রানের ইনিংস এখনও তাজা। শ্রীলংকার বিপক্ষে বরাবরই ভালো খেলেন তামিম। দারুণ এক ম্যাচ

দেখার আশা তাই করতেই পারেন দুই দেশের ক্রিকেট ভক্তরা। তবে মালিঙ্গার বিদায়ী ম্যাচে হানা দিতে পারে বৃষ্টি। সারাদিন কলম্বোয় বৃষ্টির সম্ভাবনা আছে। এছাড়া কলম্বোর পি সারা স্টেডিয়ামে টসও গুরুত্বপূর্ণ। সর্বশেষ পাঁচ ম্যাচের চারটিতে প্রথমে ব্যাট করা দল জিতেছে এখানে।